



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা

বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



নং-৩৭.২৪.০০০০.০০০.৩২.০০২.২৫ (খন্ড-৮)-৫৬

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

পিএইচ.ডি. ফেলোশিপ বিজ্ঞপ্তি-২০২৫

বিষয়: বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত পিএইচডি গবেষকগণের নিকট থেকে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে পিএইচ.ডি. ফেলোশিপের জন্য দরখাস্ত আহ্বান।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি প্রদানের লক্ষ্যে দেশের অভ্যন্তরস্থ সরকারি বিশ্ববিদ্যালয়সমূহে পিএইচডি কোর্সে ভর্তিকৃত/অধ্যয়নরত গবেষকগণের নিকট থেকে নিম্নোক্ত অধিক্ষেত্রে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:


গবেষণার অধিক্ষেত্র

১. সামাজিক বিজ্ঞান (Social Science);
২. কলা ও মানবিক (Arts & Humanities);
৩. ব্যবসায় শিক্ষা (Business Studies);
৪. সমুদ্র বিজ্ঞান (Marine Science);
৫. আইন (Law);
৬. ভৌত বিজ্ঞান (Physical Science);
৭. ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (Engineering & Technology);
৮. বিজ্ঞান (Science);
৯. জীব বিজ্ঞান (Biological Science);
১০. শিক্ষা ও উন্নয়ন (Education & Development);
১১. চিকিৎসা বিজ্ঞান (Medical Science);
১২. চারু ও কারু (Fine Arts);
১৩. কৃষি বিজ্ঞান (Agricultural Science);
১৪. ধর্মীয় শিক্ষা (Religious Studies)।

আবেদনের নিয়ম ও শর্তাবলি:

- ক. গবেষকগণ অনলাইনে www.eservice.pmeat.gov.bd/mnp আবেদন করবেন।
- খ. **১৬ মার্চ ২০২৫ খ্রি: হতে ১৭ এপ্রিল ২০২৫ খ্রি: তারিখ** রাত ১১.৫৯ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।
- গ. সমগ্র শিক্ষা জীবনে ন্যূনতম ২টি প্রথম বিভাগ (**ডিপিএ ৫ স্কেলে ৩.৫০ এবং ৪ স্কেলে ৩.০০**) থাকতে হবে।
- ঘ. **ফেলোশিপের জন্য আবেদন জমাদানের তারিখে বয়স সর্বোচ্চ ৪৫ বছর।**
- ঙ. অনলাইনে আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি (সনদ ও মার্কশিট), পিএইচডি কোর্সে ভর্তি ও রেজিস্ট্রেশনের কপি, গবেষণা প্রস্তাবনা (synopsis), বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র সংযোজন (Upload) করতে হবে।
- চ. **অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ডাউনলোড করে সংশ্লিষ্ট কাগজপত্রসহ (০২ সেট আবেদন) আবেদনের শেষ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে মধ্যে সরাসরি/ডাকযোগে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর প্রেরণ করতে হবে।**
- ছ. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের কপি সংযোজন (Upload) করতে হবে।
- জ. কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং যে কোনো আবেদন বিবেচনা/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ঝ. বিস্তারিত জানতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইটে www.pmeat.gov.bd এ সংক্রান্ত নির্দেশিকাসহ অন্যান্য বিষয়াদি দেখা যেতে পারে।

হট লাইন: ০১৭৭৮৯৬৪১৫৬
০১৭২৪৫৯৬৬৭৬
০১৭৩৬৩২৭৫৬২



(স্মৃতি কর্মকার)

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৫৫০০০৯২২

ই-মেইল: md@pmeat.gov.bd